

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব অজয় বিশ্বাস এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং, যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট অ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ২৯-০৯-১৫ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(১)	জনাব অজয় বিশ্বাস, সাবেক হিসাব ইনচার্জ (বর্তমানে চাকুরীচ্যুত) পপুলার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ, আল আমীন একক বীমা প্রকল্প, প্রধান কার্যালয়, ঢাকা পিতা অজিত বিশ্বাস, সাং উত্তর গুজরা, থানা রাউজান, জেলা চট্টগ্রাম, বর্তমানে ৪৩, ফরাশগঞ্জ রোড, থানা সূত্রাপুর, জেলা ঢাকা।	মেট্রো: বিশেষ মামলা নং ২৭৬/১৫ (মতিঝিল থানার মামলা নং ২৫, তারিখ ১০-০৪-১১ খ্রিঃ) ধারা ৪০৮/৪২০ দণ্ডবিধি।

মোঃ কামরুল হোসেন মোল্লা

মহানগর দায়রা জজ এবং  
পদাধিকারবলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site :www.bgpress.gov.bd

( ৭২৯৭ )

মূল্য : টাকা ৪.০০